নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৪.২৬-২২৭

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ / ২৪ ফেব্রুয়ারি ২০২৬

## পরিপত্র-১

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন ও ১৪৫ শেরপুর-৩ নির্বাচনি এলাকার নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি জারি, সময়সূচির প্রজ্ঞাপন, রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন, সময়সূচির গণবিজ্ঞপ্তি প্রকাশ, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা, নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য নতুন ব্যাংক একাউন্ট খোলা এবং ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, বাংলাদেশ নির্বাচন কমিশন, জাতীয় সংসদের নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের নির্বাচনে এবং নির্বাচনি এলাকা ৪১ বগুড়া-৬ শূন্য আসনের নির্বাচনে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকা হতে একজন করে সদস্য নির্বাচনের লক্ষ্যে ভোটারগণকে আহবান জানিয়ে ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ ফাল্গুন ১৪৩২<br>০২ মার্চ ২০২৬ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ ফাল্গুন ১৪৩২<br>০৫ মার্চ ২০২৬ | বৃহস্পতিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১ ফাল্গুন-২৫ ফাল্গুন ১৪৩২<br>০৬-১০ মার্চ ২০২৬ | শুক্রবার-মঙ্গলবার |
| আপিল নিস্পত্তির তারিখ | : | ২৬ ফাল্গুন ১৪৩২<br>১১ মার্চ ২০২৬ | বুধবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৯ ফাল্গুন ১৪৩২<br>১৪ মার্চ ২০২৬ | শনিবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০১ চৈত্র ১৪৩২<br>১৫ মার্চ ২০২৬ | রবিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৬ চৈত্র ১৪৩২**<br>**০৯ এপ্রিল ২০২৬** | **বৃহস্পতিবার** |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত উল্লিখিত সময়সূচির আলোকে ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে দুইটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো **(সংলগ্নী-১ ও সংলগ্নী-২)।**

৩। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের নির্বাচনে জেলা নির্বাচন অফিসার, শেরপুরকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে এবং উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, শেরপুর ও উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইগাতী, শেরপুরকে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছে। এছাড়া নির্বাচনি এলাকা ৪১ বগুড়া-৬ শূন্য আসনের নির্বাচনে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়াকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে এবং অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া ও উপজেলা নির্বাচন অফিসার, বগুড়া সদর, বগুড়াকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারগণের অধিক্ষেত্রও নির্ধারণ করে দেয়া হয়েছে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসারগণ আইন ও বিধি মোতাবেক রিটার্নিং অফিসারকে সকল প্রকার সহায়তা প্রদান করবেন এবং নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, রিটার্নিং অফিসারের অধীনে থেকে প্রয়োজনবোধে রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

৪। **রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন:** নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের নির্বাচনে ও নির্বাচনি এলাকা ৪১ বগুড়া-৬ শূন্য আসনের নির্বাচনে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো **(সংলগ্নী-৩)।**

৫। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে কমিশন কর্তৃক প্রজ্ঞাপন জারির পর গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) ও (৩) অনুসারে রিটার্নিং অফিসার প্রজ্ঞাপনে উল্লেখিত সময়সূচির আলোকে যথাশীঘ্র সম্ভব গণবিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির উল্লেখ থাকবে। এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান উল্লেখ করে একই গণবিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। উল্লেখ্য যে, **নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের ক্ষেত্রে "২৬ অগ্রহায়ণ ১৪৩২/১১ ডিসেম্বর ২০২৫ তারিখে নির্বাচনি সময়সূচি ঘোষণার পর ইতঃপূর্বে যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না এবং জামানতের অর্থও জমা দিতে হবে না।" মর্মে গণবিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।** এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন সময় অর্থাৎ **সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৩:৩০ ঘটিকা পর্যন্ত** সরকারি ছুটির দিনসহ বিতরণ ও গ্রহণ করা হবে। আরও উল্লেখ্য যে, নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক সরাসরি মনোনয়নপত্র দাখিল করা যাবে। গণবিজ্ঞপ্তিটি সহকারী রিটার্নিং অফিসারসহ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙ্গিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। রিটার্নিং অফিসার কর্তৃক গণবিজ্ঞপ্তি জারির একটি নমুনা এতদসংগে প্রেরণ করা হলো **(পরিশিষ্ট-ক)**।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা:** নির্বাচনের তফসিল ঘোষণার পর উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ ও প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের অফিস, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার অফিস, সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারের অফিস ও উপজেলা/থানা নির্বাচন অফিসারের অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে রমজান পর্যন্ত সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.৩০ টা পর্যন্ত এবং রমজান শেষে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল ও বাছাই এবং বাছাই বা গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশনে দায়েরকৃত আপিল নিষ্পত্তি, প্রার্থীতা প্রত্যাহার, প্রতীক বরাদ্দ ও এই সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, **মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত শেষ দিন এবং প্রার্থীতা প্রত্যাহারের জন্য নির্ধারিত শেষ দিন বিকাল ৩.৩০ টার পর কোন মনোনয়নপত্র দাখিল বা গ্রহণ করা যাবে না অথবা কোন প্রার্থী প্রার্থীতা প্রত্যাহার করতে পারবেন না।**

৭। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতার বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** জাতীয় সংসদের সংসদ সদস্য নির্বাচিত হওয়ার বা থাকার যোগ্যতা-অযোগ্যতা বিষয়ে সংবিধানের ৬৬(১)(২) ও গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২(১) অনুচ্ছেদে উল্লেখ রয়েছে। তাছাড়া সংবিধানের ১৫২ অনুচ্ছেদের "প্রজাতন্ত্রের কর্ম" ও "সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" এর ব্যাখ্যা উল্লেখ করা হয়েছে। উল্লিখিত উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-খ)।** উল্লেখ্য যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২(১) এর উপ-দফা (কক) তিনি আদালত কর্তৃক ফেরারী বা পলাতক আসামী হিসাবে ঘোষিত হইয়া থাকেন, উপ-দফা (গ) তিনি প্রজাতন্ত্রের বা কোনো সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের কর্মে কোনো লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন, উপ-দফা (ড) অনুযায়ী কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন [যাহা] কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ বা তার কোন কিস্তি মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে পরিশোধে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। কিন্তু অনুচ্ছেদ ১২ এর দফা (১) এর উপ-দফা (ঠ) কৃষি কাজের জন্য গৃহীত ক্ষুদ্র কৃষি ঋণ ব্যতীত, মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে ব্যাংক হতে গৃহীত কোন ঋণ বা তার কোন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। সেই সাথে উপ-দফা (ঢ) অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে প্রদেয় সরকারি টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্য কোন সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ করতে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। অনুচ্ছেদ ১২(৩খ) উপ-দফা (২) এর অধীন প্রত্যেক মনোনয়নপত্রের সহিত প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত একটি হলফনামা যাহার সহিত সর্বশেষ করবছরের আয়কর রিটার্নের কপি সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে। এছাড়াও কোন ব্যক্তির বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনালস্) আইন, ১৯৭৩ এর ৯(১) ধারা মতে কোন আনুষ্ঠানিক অভিযোগপত্র (formal charge) দাখিল করা হলে উক্ত ব্যক্তি একই আইনের ২০সি (১)(এ) ধারা মোতাবেক সংসদ সদস্য পদে নির্বাচিত হওয়ার বা সংসদ সদস্য পদে বহাল থাকার অযোগ্য হবেন। উল্লিখিত বিধানসমূহ স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় হতেও এ বিষয়ে প্রচারের ব্যবস্থা করা হবে।

**৮। লাভজনক পদ বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মেয়র ও চেয়ারম্যানদের প্রার্থী হওয়া:** লাভজনক পদ অর্থাৎ প্রজাতন্ত্র বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বা সরকারের শতকরা ৫০ ভাগের অধিক শেয়ার রহিয়াছে এরূপ কোনো কোম্পানির কোনো অফিসে সার্বক্ষণিক কোনো পদ বা পদমর্যাদায় অধিষ্ঠিত থাকা ব্যক্তি নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। এছাড়া উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়রের পাশাপাশি বিভিন্ন সরকারি/ স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত ও সরকারি অনুদানপ্রাপ্ত অফিস/প্রতিষ্ঠানের বা কর্পোরেশন অথবা সংবিধিবদ্ধ সংস্থা, কর্তৃপক্ষ এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত ব্যক্তিবর্গ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য পদ্ধতিগতভাবে পদত্যাগ করতে হবে।

**৯। নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য ব্যাংক একাউন্ট খোলা:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪খখ অনুসারে প্রত্যেক নির্বাচনি এজেন্টকে অথবা এজেন্ট নিয়োগ করা না হলে প্রার্থী কর্তৃক নিজে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য (ব্যক্তিগত ব্যয় ব্যতীত) তফসিলি ব্যাংকে পৃথক একাউন্ট প্রয়োজন হবে। উক্তরূপ ব্যাংক একাউন্ট হতে ব্যক্তিগত ব্যয় ব্যতীত নির্বাচন সংক্রান্ত ব্যয়ের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০২৫ এর বিধি ২৯ অনুসারে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য তহবিলের সম্ভাব্য উৎসের বিবরণী ফরম-২০ এ এবং প্রার্থীর সম্পদ, দায়-দেনা ও তার বাৎসরিক আয়-ব্যয় বিবরণী ফরম-২১ মনোনয়নপত্রের সাথে দাখিল করার বিধান রয়েছে।

**১০। জামানত:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৩ অনুচ্ছেদের (১) ও (২) দফা এবং নির্বাচন পরিচালা বিধিমালা, ২০০৮ এর ৪ বিধি অনুসারে মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী কর্তৃক জামানতের অর্থ প্রদান ও নিম্নেবর্ণিত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে:

(ক) নগদ বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ট্রেজারি চালানের মাধ্যমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা নির্বাচন কমিশনের অনুকুলে মনোনয়নপত্রের সাথে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে; অথবা

(খ) একটি নির্বাচনি এলাকায় প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে সে প্রার্থীর অনুকূলে শুধু একটি মাত্র জামানত প্রদান করতে হবে। অন্য মনোনয়নপত্রের সাথে চালান/রসিদ এর সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।

(গ) জামানত বাবদ **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ব্যতীত মনোনয়নপত্র দাখিলকারী/প্রার্থীর নিকট হতে অন্য কোন রকমভাবে অতিরিক্ত কোন অর্থ আদায় বা প্রদান করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

**১১। জামানতের অর্থ জমা দেয়ার কোড:** জামানত বাংলাদেশ ব্যাংকের যেকোন শাখায় অথবা যেকোন ব্যাংক অথবা সরকারি ট্রেজারি অথবা **সাব ট্রেজারিতে ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১** কোডে জমা দিতে হবে। নগদ হিসেবে প্রাপ্ত জামানতের অর্থ রিটার্নিং অফিসার অথবা সহকারী রিটার্নিং অফিসার ৩ নম্বর ফরমে নির্ধারিত রসিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং নগদে অথবা ব্যাংক রসিদ অথবা ট্রেজারি চালান মারফত প্রাপ্ত জামানতের হিসাব বিবরণী রিটার্নিং অফিসারকে ২ নম্বর ফরমে নির্ধারিত রেজিস্টারে সন্নিবেশিত করতে হবে। রিটার্নিং অফিসার নগদে প্রাপ্ত অর্থ উল্লিখিত কোড নম্বরে সরকারি খাতে জমা দিবেন।

**১২। মনোনয়নপত্র প্রাপ্তির সময় লিপিবদ্ধকরণ এবং প্রাপ্তি রসিদ প্রদানসহ বাছাইয়ের তারিখ অবহিতকরণ:** নির্ধারিত আইন ও বিধি অনুযায়ী মনোনয়নপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রতিটি দাখিলকৃত মনোনয়নপত্রের বিবরণী যথাযথভাবে রেজিস্ট্রারে লিপিবদ্ধ করবেন। অতঃপর মনোনয়নপত্রের তৃতীয় খন্ডে দাখিলকারীর নাম, জমাদানের তারিখ ও সময় স্পষ্টভাবে উল্লেখ করবেন। একইভাবে প্রার্থীদের অবহিত করার জন্য মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে (প্রাপ্তি স্বীকার রসিদ ও বাছাইয়ের নোটিশ) ক্রমিক নম্বর, নির্বাচনি এলাকার নম্বর ও নাম, প্রার্থীর নাম, মনোনয়নপত্র জমার তারিখ ও সময় এবং মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত তারিখ, সময় ও স্থান উল্লেখ করে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারীকে তাৎক্ষণিকভাবে প্রাপ্তি স্বীকার রসিদ ও মনোনয়নপত্র বাছাইয়ের নোটিশ প্রদান করতে হবে। যাতে সকল প্রার্থী যথাসময়ে উপস্থিত থেকে আইন ও বিধি অনুযায়ী বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেন। উল্লেখ্য যে, প্রাপ্তি রসিদ ও বাছাইয়ের নোটিশটি মনোনয়নপত্রের সংগে সংযোজিত আছে।

**১৩। আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে (OCV ও ICPV) ভোট প্রদান সংক্রান্তঃ** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ অনুসারে পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত প্রকল্প পরিচালক, OCV-SDI প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা OCV এবং ICPV এ ভোটদানের বিষয়ে নিবন্ধন কার্যক্রম ও পোস্টাল ব্যালট প্রেরণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করবেন।

**১৪। ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার ব্যবহার:** জাতীয় সংসদ নির্বাচনের জন্য বর্তমানে প্রণীত ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করতে হবে। শুধুমাত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা এবং ভোটকেন্দ্রে নিয়োজিত ভোটগ্রহণ কর্মকর্তাগণ ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করবেন। তবে প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় করতে হবে এবং মুদ্রণ পূর্বক ব্যবহার করবেন। এ জন্য জেলা বা উপজেলা পর্যায় হতে অথবা রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের অফিস হতে মনোনয়নপত্র গ্রহণের সময় নির্বাচনি এলাকার আওতাধীন প্রতি ইউনিয়ন ও ক্যান্টনমেন্ট বোর্ড (যদি থাকে) এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান/পে-অর্ডার মাধ্যমে টাকা জমা দিতে হবে। ট্রেজারি চালানের কোড নম্বর "১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩"।

**১৫। মুদ্রিত ছবিসহ ভোটার তালিকার সাথে ছবিছাড়া সিডি যাচাই:** প্রার্থীদেরকে সরবরাহকৃত ছবিছাড়া ভোটার তালিকার সিডির সাথে ছবিসহ ভোটার তালিকা শতভাগ যাচাই পূর্বক মুদ্রণ করে ভোটকেন্দ্রে প্রেরণ করতে হবে।

**১৬। মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল:** গণপ্রতিনিধিত্ব আদেশ এর ১৪ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে মনোনয়নপত্র বাছাইঅন্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তে কোন প্রার্থী বা কোন ব্যাংক সংক্ষুব্ধ হলে মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ৫(পাঁচ) দিনের মধ্যে অর্থাৎ ০৬-১০ মার্চ ২০২৬ তারিখের মধ্যে আপিল দায়ের করতে পারবেন। উল্লেখ্য যে, আপিল দায়েরের নির্ধারিত তারিখে সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৩.৩০ ঘটিকা সময়ের মধ্যে আপিল দায়ের করা যাবে। দায়েরকৃত আপিল আবেদনসমূহ আপিল নিষ্পন্নের তারিখ অর্থাৎ ১১ মার্চ ২০২৬ তারিখে নিষ্পন্ন করতে হবে।

**১৭। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ:** নির্বাচন পরিচালনার লক্ষ্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচন কমিশন হতে বিভিন্ন পত্র, পরিপত্র ও স্পষ্টীকরণ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। নির্ধারিত সময়সূচির সাথে সমন্বয়পূর্বক বন্ধ ঘোষিত ১৪৫ শেরপুর-৩ এবং ৪১ বগুড়া-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন সংশ্লিষ্ট সকল কার্যক্রম ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জারিকৃত সকল পত্র, পরিপত্র ও স্পষ্টীকরণ সংক্রান্ত নির্দেশনা অনুসারে সম্পন্ন করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

২৪.০২.২৬
(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া ও রিটার্নিং অফিসার
২। জেলা নির্বাচন অফিসার, শেরপুর ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৪.২৬-২২৭

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ / ২৪ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ..................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, OCV-SDI প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [OCV এবং ICPV এ ভোটদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ/রাজশাহী
১৪. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৫. উপমহাপুলিশ পরিদর্শক, (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৬. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী/ময়মনসিংহ
২০. জেলা প্রশাসক, শেরপুর [ইতঃপূর্বে ১৪৫ শেরপুর-৩ আসনের নির্বাচন উপলক্ষে দাখিলকৃত মনোনয়নপত্রসহ প্রাসঙ্গিক অন্যান্য দলিলাদি সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে সরবরাহের অনুরোধসহ]
২১. জেলা প্রশাসক, বগুড়া
২২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২৪. পুলিশ সুপার, বগুড়া/শেরপুর
২৫. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)

২৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৭. অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া, সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বগুড়া ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া/শেরপুর
২৯. জেলা তথ্য অফিসার, বগুড়া/শেরপুর
৩০. উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর
৩১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এঁর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৫. উপজেলা নির্বাচন অফিসার, বগুড়া সদর, বগুড়া/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর ও সহকারী রিটার্নিং অফিসার
৩৬. অফিসার ইন-চার্জ, বগুড়া সদর থানা, বগুড়া/শ্রীবরদী থানা/ঝিনাইগাতী থানা, শেরপুর।

২৪/০২/২০২৬

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

পরিশিষ্ট-ক
(নমুনা)

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি ............................................
(নাম)
................................................... ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে,
(পদবি)
জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ..... **ফেব্রুয়ারি ২০২৬** / ......**ফাল্গুন ১৪৩২** তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ ফাল্গুন ১৪৩২<br>০২ মার্চ ২০২৬ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ ফাল্গুন ১৪৩২<br>০৫ মার্চ ২০২৬ | বৃহস্পতিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১ ফাল্গুন-২৫ ফাল্গুন ১৪৩২<br>০৬-১০ মার্চ ২০২৬ | শুক্রবার-মঙ্গলবার |
| আপিল নিস্পত্তির তারিখ | : | ২৬ ফাল্গুন ১৪৩২<br>১১ মার্চ ২০২৬ | বুধবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৯ ফাল্গুন ১৪৩২<br>১৪ মার্চ ২০২৬ | শনিবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০১ চৈত্র ১৪৩২<br>১৫ মার্চ ২০২৬ | রবিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৬ চৈত্র ১৪৩২**<br>**০৯ এপ্রিল ২০২৬** | **বৃহস্পতিবার** |

**আগামী ২৬ চৈত্র ১৪৩২/০৯ এপ্রিল ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ..................................................
(নির্বাচনি এলাকার নম্বর ও নাম)
নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামি ..... **মার্চ ২০২৬** / ......**ফাল্গুন ১৪৩২** তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৩.৩০টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে.......................................... এবং
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে ................................................... মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর, নাম ও পদবি
নির্বাচনি এলাকার নম্বর ও নাম

পরিশিষ্ট-খ

## জাতীয় সংসদ সদস্য নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা সংক্রান্ত বিধান

### ১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদে নিম্নরূপ বিধান রয়েছে-

"৬৬। (১) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক হইলে এবং তাঁহার বয়স ২৫ বৎসর পূর্ণ হইলে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত বিধান-সাপেক্ষে তিনি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন।

(২) কোন ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি

(ক) কোন উপযুক্ত আদালত তাহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন;

(খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;

(ঘ) তিনি নৈতিক স্বলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন **দুই বৎসরের কারাদন্ডে দন্ডিত** হন এবং তাহার মুক্তিলাভের পর **পাঁচ বৎসরকাল** অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন কোন অপরাধের জন্য দন্ডিত হইয়া থাকেন;

(চ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন; অথবা

(ছ) তিনি কোন আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন।

(২ক) এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি-

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে-

এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।

(৩) এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার, ডেপুটি স্পীকার, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না। "

### ২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদের "প্রজাতন্ত্রের কর্ম" এবং "সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" এর ব্যাখ্যা নিম্নরূপ-

"প্রজাতন্ত্রের কর্ম" অর্থ অসামরিক বা সামরিক ক্ষমতায় বাংলাদেশ সরকার-সংক্রান্ত যে কোন কর্ম, চাকুরী বা পদ এবং আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্ম বলিয়া ঘোষিত হইতে পারে, এইরূপ অন্য কোন কর্ম;

"সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" অর্থ যে কোন কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান, যাহার কার্যাবলী বা প্রধান প্রধান কার্য কোন আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন চুক্তিপত্র-দ্বারা অর্পিত হয়।

### ৩। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২(১) অনুচ্ছেদে নিম্নরূপ বিধান রয়েছে-

**** **** **** **** **** **** **** **** ****

১২। [১][(১) কোনো নির্বাচনি এলাকার যে কোনো ভোটার উক্ত এলাকার সদস্য নির্বাচনের জন্য সংবিধানের ৬৬ অনুচ্ছেদের দফা (১) এর অধীন সদস্য হইবার যোগ্য যে কোনো ব্যক্তির নাম প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি সদস্য হিসাবে নির্বাচিত হইবার, বা থাকিবার যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি কোনো নির্বাচনি এলাকায় ভোটার হিসাবে তালিকাভুক্ত না থাকেন;

**(কক) তিনি কোন আদালক কর্তৃক ফেরারী বা পলাতক আসামী হিসাবে ঘোষিত হইয়া থাকেন;**

[১] দফা (১) গণপ্রতিনিধিত্ব আদেশ (সংশোধন) আইন, ২০০৯ (২০০৯ সনের ১৩ নং আইন) (১৯ আগস্ট, ২০০৮ হইতে কার্যকর) এর ধারা ৬ (ক) দ্বারা প্রতিস্থাপিত।

(খ) তিনি কোনো নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনীত না হন বা একজন স্বতন্ত্র প্রার্থী না হন;

(গ) তিনি প্রজাতন্ত্রের বা কোনো সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের কর্মে কোনো লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন;"

(ঘ) তিনি অনুচ্ছেদ ৭৩, ৭৪, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪ ও ৮৬ এর অধীন কোনো অপরাধের জন্য অপরাধী সাব্যস্ত হইয়া অন্যূন **দুই বৎসরের কারাদণ্ডে** দণ্ডিত হইয়া থাকেন এবং তাহার মুক্তিলাভের তারিখের পর **পাঁচ বৎসরকাল** অতিবাহিত না হয়;

(ঙ) অনুচ্ছেদ ৬৩ এর দফা (১) এর অধীন উপ-দফা (গ), (ঘ) ও (ঙ) এ উল্লিখিত যে কোনো কারণে কোনো ব্যক্তির কোনো আসনে তাহার নির্বাচন অবৈধ বলিয়া ঘোষিত হয় এবং এইরূপ ঘোষণার তারিখের পর **পাঁচ বৎসরকাল** অতিবাহিত না হয়;

(চ) তিনি প্রজাতন্ত্রের বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা প্রতিরক্ষা কর্মবিভাগের কোনো চাকরি হইতে পদত্যাগ করিয়াছেন বা অবসরে গমন করিয়াছেন এবং তাহার পদত্যাগ বা অবসরে গমনের পর **তিন বৎসর** অতিবাহিত না হয়;

(ছ) তিনি দুর্নীতির কারণে প্রজাতন্ত্রের বা কোনো সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের চাকরি হইতে বরখাস্ত বা অপসারিত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং তাহার বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের পর **পাঁচ বৎসরকাল** অতিবাহিত না হয়;

(জ) তিনি প্রজাতন্ত্রের বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা প্রতিরক্ষা কর্মবিভাগের কোনো চাকরি হইতে অবসর গমনের পরপরই অনুরূপ চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, এবং উক্তরূপ চুক্তির মেয়াদ অতিক্রান্ত বা বাতিল হইবার পর **তিন বৎসর** অতিবাহিত না হয়;

(ঝ) তিনি, কোনো বিদেশি রাষ্ট্র বা প্রতিষ্ঠান হইতে অনুদান বা তহবিল গ্রহণ করিয়া এইরূপ একটি বেসরকারি সংস্থার কার্যনির্বাহী পদে কর্মরত আছেন অথবা এই ধরনের পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ করিয়াছেন বা পদচ্যুত হইয়াছেন এবং উক্তরূপ পদত্যাগ, অবসর বা পদচ্যুতির পর **তিন বৎসর** অতিবাহিত না হয়;

(ঞ) [২][***]

(ট) কোনো সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সরকারের নিকট পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোনো চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তিনি তাহার স্বীয় নামে বা ট্রাস্টি হিসাবে কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে, বা তাহার সুবিধার্থে বা তাহার উপলক্ষ্যে বা কোনো হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাহার কোনো অংশ বা স্বার্থ রহিয়াছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

(ঠ) তিনি, কৃষি কার্যের জন্য গৃহীত ক্ষুদ্র কৃষি ঋণ ব্যতীত, ঋণগ্রহীতা হিসাবে মনোনয়নপত্র দাখিলের দিনের [৩][***] পূর্বে তৎকর্তৃক কোনো ব্যাংক হইতে গৃহীত কোনো ঋণ বা উহার কোনো কিস্তি পরিশোধে ব্যর্থ হইয়া থাকেন;

(ড) তিনি এইরূপ কোনো কোম্পানির পরিচালক বা ফার্মের অংশীদার হন [৪][যাহা] কোনো ব্যাংক হইতে গৃহীত কোনো ঋণ বা উহার কোনো কিস্তি, মনোনয়নপত্র দাখিলের দিনের [৫][***] পূর্বে [৬][সংশ্লিষ্ট কোম্পানি বা ফার্ম] কর্তৃক পরিশোধে ব্যর্থ হইয়াছেন;

(ঢ) তিনি ব্যক্তিগতভাবে টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা সরকারের সেবা প্রদানকারী কোনো সংস্থার অন্য কোনো বিল মনোনয়নপত্র দাখিলের দিনের [৭][***] পূর্বে পরিশোধে ব্যর্থ হইয়াছেন;

[৮][(ণ) তিনি The International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধীন কোনো অপরাধে অপরাধী সাব্যস্ত হইয়াছেন।]

---

[২] উপ-দফা (ঞ) গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫১ নং আইন) এর এর ধারা ৫(ক)(১) দ্বারা বিলুপ্ত।

[৩] "সাত দিন" শব্দগুলি গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০২৫ (২০২৫ সনের ১৭ নং আইন) এর ধারা ৩(ক)(অ) দ্বারা বিলুপ্ত।

[৪] "যাহা" শব্দটি "যিনি" এর পরিবর্তে গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫১ নং আইন) এর ধারা ৫(ক)(২) দ্বারা প্রতিস্থাপিত।

[৫] "সাত দিন" শব্দগুলি গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০১৯ (২০১৯ সনের ৪ নং আইন) এর ধারা ৩(ক) দ্বারা বিলুপ্ত।

[৬] "সংশ্লিষ্ট কোম্পানি বা ফার্ম" শব্দগুলি "তাহার" শব্দটির পরিবর্তে গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫১ নং আইন) এর ধারা ৫(ক)(২) দ্বারা প্রতিস্থাপিত।

[৭] "সাত দিন" শব্দগুলি গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০২৫ (২০২৫ সনের ১৭ নং আইন) এর ধারা ৩(ক)(আ) দ্বারা বিলুপ্ত।

[৮] উপ-দফা (ণ) গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫১ নং আইন) এর ধারা ৫(ক)(৩) দ্বারা প্রতিস্থাপিত।

**ব্যাখ্যা ১।- ''লাভজনক পদ''** অর্থ প্রজাতন্ত্র বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বা সরকারের শতকরা পঞ্চাশ ভাগের অধিক শেয়ার রহিয়াছে এইরূপ কোনো কোম্পানির কোনো অফিসে সার্বক্ষণিক কোনো পদ বা পদমর্যাদায় বা এইরূপ কোনো প্রতিষ্ঠানের কার্যনির্বাহী হিসাবে অধিষ্ঠিত থাকা।"

**ব্যাখ্যা ২।**– দফা (ট) এর অধীন আরোপিত অযোগ্যতা কোনো ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যেক্ষেত্রে-

(অ) চুক্তির কোনো অংশ বা স্বার্থ উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে তাহার নিকট প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদিনা উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস বা কোনো বিশেষ ক্ষেত্রে রাষ্ট্রপতি কর্তৃক মঞ্জুরকৃত উহার অধিক সময়, অতিবাহিত হয়; অথবা

(আ) কোম্পানী আইন, ১৯৯৪, (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোনো পাবলিক কোম্পানির দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে এবং তিনি উহার একজন শেয়ার হোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোনো লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালক নহেন বা ব্যবস্থাপনা প্রতিনিধিও নহেন; অথবা

(ই) তিনি কোনো হিন্দু যৌথ পরিবারের সদস্য এবং তাহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোনো স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোনো সদস্য কর্তৃক চুক্তিটি সম্পাদিত হইয়াছে।

**ব্যাখ্যা ৩।**- "ব্যাংক" অর্থ-

(ক) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, (১৯৯১ সনের ১৪ নং আইন) এ সংজ্ঞায়িত কোনো "ব্যাংক কোম্পানী";

[৯][(খ) কোম্পানী আইন, ১৯৯৪, (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক;]

[১০][***]

(ঘ) The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O.No. 17 of 1973) এর অধীন প্রতিষ্ঠিত "বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন";

(ঙ) The Bangladesh Krishi Bank Order, 1973 (P.O.No. 27 of 1973) এর অধীন প্রতিষ্ঠিত "বাংলাদেশ কৃষি ব্যাংক";

(চ) The Investment Corporation of Bangladesh Ordinance, 1976 (Ord.No. XI of 1976) এর অধীন প্রতিষ্ঠিত "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ";

